# ঢাকায় জাতিসংঘ মানবাধিকার কমিশনের কার্যক্রম শুরু, তিন বছরের সমঝোতা চুক্তি সই




সংগৃহীত ছবি

ঢাকায় আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করেছে জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনের (OHCHR) অফিস। এ উপলক্ষে বাংলাদেশ সরকার ও জাতিসংঘের মধ্যে একটি তিন বছরের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে।

শুক্রবার (১৮ জুলাই) স্বাক্ষরিত এই চুক্তিতে জাতিসংঘের পক্ষে মানবাধিকার হাইকমিশনার ফলকার টুর্ক এবং বাংলাদেশের পক্ষে পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম স্বাক্ষর করেন।

চুক্তির আওতায় বাংলাদেশে মানবাধিকার সুরক্ষায় জাতিসংঘ কারিগরি ও প্রশিক্ষণ সহায়তা প্রদান করবে। এর অংশ হিসেবে নীতি সংস্কার, মানবাধিকার লঙ্ঘনের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ, এবং বিভিন্ন অংশীজনের সঙ্গে সংলাপের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিতে কাজ করবে OHCHR।

উল্লেখ্য, ২০২৩ সালের আগস্ট থেকে বাংলাদেশে জাতিসংঘের মানবাধিকার সংস্থার সম্পৃক্ততা বেড়েছে। সংস্থাটি ইতিমধ্যে মানবাধিকার উন্নয়ন, সংস্কার প্রক্রিয়ায় সহায়তা এবং গণবিক্ষোভ মোকাবিলার ঘটনাগুলোতে অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করছে।

LENS ASIA